

B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VII

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

২×১০=২০

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

- (ক) 'বীরঙ্গনা' কাব্যটি মধুসূদন কাকে উৎসর্গ করেন? উৎসর্গপত্রে সেই ব্যক্তিকে তিনি কোন বিশেষণে ভূষিত করেছিলেন?
- (খ) "থাকে যদি ধর্ম, তুমি অবশ্য ভুঞ্জিবে/ এ কর্মের প্রতিফল!"— 'ভুঞ্জিবে' কথাটির অর্থ কী? কার, কোন কর্মের কথা বলা হয়েছে?
- (গ) "সপত্নী বলিয়া তারে গঞ্জিতাম রোষে!"— কে, কাকে, কেন সপত্নী বলে গঞ্জনা দিতেন?
- (ঘ) "শুন নিবেদন পুনঃ।"— 'পুনঃ' নিবেদনটি কী?
- (ঙ) "জীবনের আশা, হায়, কে ত্যজে সহজে!"— উদ্ধৃতিটির প্রসঙ্গসহ ব্যাখ্যা করো।
- (চ) "উর্বাধামে উর্ব্বশীরে দেহ স্থান এবে,/ উর্ব্বাশ!"— 'উর্বাধাম' এবং 'উর্ব্বাশ' শব্দ দুটির অর্থ লেখো।
- (ছ) "লোক-মাতা রমা কি হে, এ ভ্রষ্টা রমণী?"— কার সম্পর্কে কেন এমন মন্তব্য?
- (জ) "এ কি কথা শুনি আজ মছুরার মুখে,"— 'মছুরা' কে? বক্তা মছুরার মুখে কোন কথা শুনেছেন?
- (ঝ) 'সারদামঙ্গল' কাব্যের সূচনায় উল্লিখিত সংস্কৃত শ্লোকটির অর্থ লেখো।
- (ঞ) 'সারদামঙ্গল' কাব্যে ব্যবহৃত একটি রাগিণী ও একটি তাল-এর উল্লেখ করো।
- (ট) "মুগ্ধ মত্ত নেত্র দুটি, আধ ইন্দীবর ফুটি"— 'ইন্দীবর' শব্দের অর্থ কী? কার নেত্র দুটিকে ইন্দীবরের সঙ্গে তুলনা করা হয়েছে?
- (ঠ) "আনন্দে ত্যজিব তনু ও রাঙা চরণতলে।"— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ড) "করণ-হৃদয় মুনি বিশ্বলের প্রায়"— মুনিটি কে? তাঁর বিশ্বলতার কারণ কী?
- (ঢ) 'সারদামঙ্গল' কাব্যে মোট কতগুলি সর্গ এবং কতগুলি গীত আছে?
- (ণ) "মানস-মরালী মম আনন্দ-রূপিণী"— কাব্য অনুসরণে কথাগুলির তাৎপর্য লেখো।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

- (ক) “জনম মম মহা ঋষিকুলে/তবু চণ্ডালিনী আমি?”— কথাগুলির প্রেক্ষিত উল্লেখ করে বক্তার চরিত্র-বৈশিষ্ট্য তুলে ধরো।
- (খ) ওভিদ রচিত পত্রকাব্যটির নাম কী? সংক্ষেপে ‘বীরাঙ্গনা’ কাব্যে ওভিদের রচিত পত্রকাব্যটির প্রভাব আলোচনা করো।
- (গ) ‘দশরথের প্রতি কেকয়ী’ পত্রিকাটি ‘বীরাঙ্গনা’ কাব্যের কত সংখ্যক পত্রিকা? পত্রিকাটি অবলম্বনে কেকয়ীর বীরাঙ্গনা সত্তার পরিচয় দাও।
- (ঘ) ‘সারদামঙ্গল’ কাব্যের ত্রিকালের ত্রিবিধ সরস্বতীমূর্তি কোনগুলি? যে-কোনো একটি কালের সরস্বতীমূর্তির স্বরূপ বিশ্লেষণ করো।
- (ঙ) গীতিকাব্য কাকে বলে? সংক্ষেপে ‘সারদামঙ্গল’ কাব্যের গীতিকাব্যিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (চ) ‘সারদামঙ্গল’ কাব্যের কোন সর্গে হিমালয়ের বর্ণনা আছে? কবি হিমালয়ের যে বর্ণনা দিয়েছেন তা তোমার ভাষায় লেখো।

৩. নীচের প্রশ্ন দুটির উত্তর দাও:

১০×২=২০

- (ক) পত্রকাব্য কাকে বলে? পত্রকাব্যরূপে ‘বীরাঙ্গনা’ কাব্যটির সার্থকতা বিচার করো।

অথবা

জনা-কাহিনির উৎস লেখো। জনা কোন দিক দিয়ে যথার্থ বীরাঙ্গনা চরিত্র হয়ে উঠেছে তা আলোচনা করো।

- (খ) কে, কোথায় ‘সারদামঙ্গল’-এর কবিকে ‘ভোরের পাখী’ বলেছেন? ‘সারদামঙ্গল’ অবলম্বনে কবিকে ‘ভোরের পাখী’ বলার সার্থকতা বিচার করো।

অথবা

“সরস্বতী সম্বন্ধে সাধারণত পাঠকের মনে যে রূপ ধারণা আছে কবির সরস্বতী তাহা হইতে স্বতন্ত্র”— এই মন্তব্য অনুসরণে ‘সারদামঙ্গল’ কাব্যের সারদা পরিকল্পনায় বিহারীলাল চক্রবর্তীর নিজস্বতা কোথায় তা বুঝিয়ে দাও।